



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/28/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল স্টেট ব্যাপী রেল এবং বন্দর অবকাঠামো প্রকল্পের জন্য 121.6 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করার ঘোষণা দিয়েছেন

অর্থায়ন, মুখ্য বাণিজ্যিক করিডরের নির্ভরযোগ্যতা এবং স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তনে সহায়তা করবে

6 অক্টোবর, 2023 পর্যন্ত আবেদনগুলি গ্রহণ করা হবে

এখানে আরও জানুন এবং তহবিলের জন্য আবেদন করুন

গভর্নর ক্যাথি হোকল আজ, যাত্রী এবং পণ্যবাহী রেল সহায়তা কর্মসূচির (Freight Rail Assistance Program) মাধ্যমে 121.6 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল উপলভ্য করার কথা ঘোষণা করলেন। এই কর্মসূচিটি স্টেট জুড়ে রেল ও বন্দর প্রকল্পগুলিকে তহবিল যোগান দেবে, যা নিরাপত্তা উন্নত করার পাশাপাশি নিউ ইয়র্কের বাণিজ্যিক করিডর এবং বৈশ্বিক বাণিজ্যের গন্তব্য হিসেবে এর অবস্থানকে প্রণোদিত করবে। 6 অক্টোবর, 2023 পর্যন্ত আবেদনগুলি গ্রহণ করা হবে।

"দীর্ঘস্থায়ী বাণিজ্য আমাদের আঞ্চলিক এবং স্টেট অর্থনীতির প্রাণশক্তি এবং আমাদের বাণিজ্যিক পথগুলিতে বিনিয়োগ নিশ্চিত করে যে, একটি জাতীয় ও বৈশ্বিক মাপকাঠিতে নিউ ইয়র্ক স্টেট প্রতিযোগিতামূলক থাকতে পারবে," বলেছেন **গভর্নর হোকলা** "যোগ্য প্রকল্প থাকা যে কাউকে আমি এই তহবিলের জন্য আবেদন করতে সনির্বন্ধ অনুরোধ জানাই কারণ আমাদের ফ্রেট এবং বন্দর অবকাঠামোর আধুনিককরণ গুরুত্বপূর্ণ - শুধুমাত্র নিরাপদ, নির্ভরযোগ্য বাণিজ্যিক পথগুলির ওপর নির্ভর করা ব্যবসাগুলির জন্যই নয় - সেইসাথে নিউ ইয়র্কবাসীদের উন্নত জীবনযাত্রার জন্যও।"

যাত্রী এবং ফ্রেট রেগুল সহায়তা প্রোগ্রাম পরিচালনা করবে নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ (New York State Department of Transportation)। বিজয়ী প্রকল্পগুলিকে একটি প্রতিযোগিতামূলক আবেদন প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচন করা হবে এবং প্রতিষ্ঠিত মানদণ্ডের উপর ভিত্তি করে মূল্যায়ন করা হবে যার মধ্যে রয়েছে একটি লাভ-খরচ বিশ্লেষণ, আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিকল্পনা মেনে চলা, নিরাপত্তা উন্নয়ন, অন্যান্য বেসরকারি ও সরকারি বিনিয়োগের সাথে সামঞ্জস্য বজায় রাখা যেগুলি জলবায়ু বিপর্যয়ের ঝুঁকি কমায়।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের কমিশনার ম্যারি থেরেস ডোমিঞ্জো বলেন,
"পণ্যবাহী রেল আমাদের স্টেটের পরিবহন নেটওয়ার্কের একটি মুখ্য মাধ্যম এবং এই বিচক্ষণ
বিনিয়োগগুলির মাধ্যমে আমরা অর্থনৈতিক উন্নয়ন অব্যাহত রাখা এবং রাস্তায় ট্রাক চলাচল
কমাতে সহায়তা করার মাধ্যমে নিউ ইয়র্কের কার্বন নিগমন কমাও নিশ্চিত করার পাশাপাশি
কর্মসংস্থানও তৈরি করছি। নিউ ইয়র্কের অর্থনৈতিক প্রতিযোগিতা নিশ্চিত করে, নিউ ইয়র্কের
পণ্যবাহী রেল অবকাঠামো আধুনিকিকরণ এবং শক্তিশালো করার জন্য গভর্নর হোকলের
অঙ্গীকারের আমি প্রশংসা করি।"

স্টেট সেনেটর টিম কেনেডি, পরিবহন কমিটির সভাপতি, বলেছেন, "ইস্ট প্যালেস্টাইনের
ওহিও-তে ট্রেনের লাইনচ্যুত হওয়ার মর্মান্তিক এবং ক্ষতিকর ঘটনার আলোকে রেলের নিরাপত্তার
গুরুত্ব জনগণের মনোযোগ আকর্ষণ করে। দেশের মধ্যে আমাদের সবথেকে শক্তিশালী রেল
নিরাপত্তা আইন রয়েছে তা নিশ্চিত করতে এই বিধানসভা অধিবেশনে বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছে
এবং স্টেট বাজেটে, স্টেট জুড়ে রেল পর্যবেক্ষকদের সংখ্যা বৃদ্ধি সেই অঙ্গীকারকেই প্রতিফলিত
করে। যাত্রী এবং পণ্যবাহী রেল সহায়তা কর্মসূচির মাধ্যমে এই 121.6 মিলিয়ন মার্কিন ডলারের
ঘোষণা, রেল নিরাপত্তা উন্নয়ন এবং স্টেটের অর্থনীতিতে রেলের গুরুত্বের স্বীকৃতি অভিমুখে
আরো একটি অপরিহার্য পদক্ষেপ।"

আইনসভা সদস্য ইউলিয়াম বি. ম্যাগনারেলি, পরিবহন কমিটির সভাপতি, বলেছেন,
"নিউ ইয়র্ক স্টেট জুড়ে রেল ও বন্দর অবকাঠামোয় এই বিনিয়োগ দেখে আমি আনন্দিত। যাত্রী
এবং পণ্যবাহী রেল সহায়তা কর্মসূচি নিরাপত্তা বজায় রাখে, বাণিজ্যিক করিডরগুলি উন্নত করে
এবং নিউ ইয়র্ক স্টেটকে একটি বৈশ্বিক বাণিজ্যের গন্তব্য হিসেবে অন্যতম প্রতিযোগীর তকমা
দেয়।"

যোগ্য প্রকল্প কার্যক্রমের মধ্যে রয়েছে: ট্র্যাক এবং ব্রিজ পুনর্বাসন; ইয়ার্ড, টার্মিনাল এবং সাইডিং
নির্মাণ; ক্লিয়ারেন্স বাধা নিরসন; ওয়ারফ, ডক এবং বাল্কহেড নির্মাণ এবং পুনর্নির্মাণ; ড্রেজিং;
অ্যাট-গ্রেড ক্রসিং রেলওয়ে ক্রসিং পুনরায় বাস্তবায়ন করা; উপাদান হ্যান্ডলিং সরঞ্জাম স্টোরেজ
সুবিধা; পথপার্শ্বস্থ ডিটেক্টর এবং অন্যান্য প্রকল্প যা পণ্যের নিরাপদ আদানপ্রদান উন্নত করে,
অর্থনৈতিক প্রতিযোগিতা বৃদ্ধি এবং গ্রিনহাউস গ্যাস নিগমন হ্রাস করে।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ এই তহবিল লাভের সুযোগের জন্য 6 অক্টোবর, 2023 পর্যন্ত
আবেদন গ্রহণ করবে। কর্মসূচির নির্দেশনা ও আবেদনের উপকরণসমূহ এখানে পাওয়া যাবে:
<https://www.dot.ny.gov/railgrants>

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418